# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৩৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. প্রথম অনুচ্ছেদ - সালাতে ক্বিরাআতের বর্ণনা

بَابُ الْقِرَاءَةِ فِى الصَّلَاةِ

## আরবী

وَعَن الْبَراء قَالَ: سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يقْرَأ فِي الْعشَاء: (والتين وَالزَّيْتُون)
وَمَا سَمِعت أحدا أحسن صَوتا مِنْهُ

## বাংলা

৮৩৪-[১৩] বারা (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ’ইশার সালাতে সূরাহ্ ’’ওয়াত্‌তীন ওয়ায্ যায়তূন’’ পাঠ করতে শুনেছি। আর তার চেয়ে মধুর স্বর আমি আর কারও শুনিনি। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৭৬৯, মুসলিম ৪৬৪।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ‘ইশার সালাতে প্রথম রাক্‘আতে সূরাহ্ আত্ তীন এবং দ্বিতীয় রাক্‘আতে ইন্না- আনযালনা- পড়েছেন। কেননা সফরের সালাত (সালাত/নামায/নামাজ) হালকা হওয়ার দাবীদার। আর মু‘আয-এর ঘটনাটি ছিল মুক্বীম অবস্থায়। এ হাদীস দ্বারা প্রমাণিত হয় যে, সফরের সালাতে ক্বিরাআত (কিরআত) পড়া মুক্বীমের সালাতের ক্বিরাআত (কিরআত) পড়ার মতো নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55393

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন